Department
of Health &
Social Care

23 আগস্ট 2021

প্রিয় রোগী,

## আপনার জন্য কোভিড-19 সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

আমরা আপনাকে লিখছি কারণ আপনার সন্তানকে কোভিড-19-এর জন্য পূর্বে চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন অবস্থায় রয়েছে বলে চিহ্নিত করা হয়েছিল, যার অর্থ হল তারা ভাইরাসে আক্রান্ত হলে গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকিতে রয়েছে বলে মনে করা হয়েছিল। অতীতে তাদেরকে সুরক্ষিত রাখার পরামর্শ দেওয়া হয়ে থাকতে পারে।

যেমনটি আপনি জানেন, 1 এপ্রিলে সুরক্ষিত রাখার ব্যাপারটিতে বিরতি দেওয়া হয়েছিল, এবং 19 জুলাই তারিখে, শিশু এবং কিশোরসহ যাদেরকে পূর্বে চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন অবস্থায় রয়েছে বলে চিহ্নিত করা হয়েছিল, তাদেরকে বাকি জনগোষ্ঠীর মতো একই নির্দেশনা মেনে চলার পরামর্শ দেওয়া হয়েছিল। সাম্প্রতিক ক্লিনিক্যাল অধ্যয়নে[1] দেখা গেছে যে শিশু এবং কিশোররা ভাইরাসে আক্রান্ত হলে মারাত্মক অসুস্থতার খুব কম ঝুঁকিতে থাকে। আমরা আপনাকে জানাতে পেরে আনন্দিত যে আপনার সন্তানকে আর **চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন বলে মনে করা হয় না এবং অন্যান্য সবার মতো একই নির্দেশনা মেনে চলতে হবে**, যা www.gov.uk/coronavirus-এ পাওয়া যাবে। খুব অল্প সংখ্যক শিশুদের জন্য সুনির্দিষ্ট ক্লিনিক্যাল পরামর্শ দেওয়া যেতে পারে, এবং এটি মেনে চলা অব্যাহত রাখতে হবে।

আপনি এই চিঠিটি পেয়েছেন কারণ যখন এটি প্রক্রিয়া করা হয়েছিল তখন আপনার সন্তানের বয়স 18 বছরের কম ছিল। যদি আপনার সন্তানের বয়স সম্প্রতি 18 বছর হয়, সেক্ষেত্রে অনুগ্রহ করে এই চিঠিটি উপেক্ষা করুন।

Withdrawn April 2022

### শিশু এবং কিশোরদের জন্য কোভিড-19 সম্পর্কিত ঝুঁকি

মহামারীর শুরুতে, আমরা কোভিড-19 দ্বারা সৃষ্ট হুমকি সম্পর্কে খুব কমই জানতাম এবং নিজেদের রক্ষা করার জন্য সুরক্ষিত রাখতে অনেক শিশু এবং কিশোর সহ কয়েক মিলিয়ন লোকজনকে পরামর্শ দেওয়ার কঠিন সিদ্ধান্ত নিয়েছিলাম। সেই সময়ে এটি সঠিক সিদ্ধান্ত ছিল এবং আমরা কোভিড-19 সম্পর্কে আরও জানতে পারার সময়ে সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণদের নিরাপদ রাখতে সহায়তা করেছিল।

মহামারী শুরুর পর থেকে আমরা অনেক কিছু শিখেছি, বিশেষ করে সুনির্দিষ্ট গ্রুপগুলোর উপর কোভিড-19 এর প্রভাব সম্পর্কে। সাম্প্রতিক ক্লিনিক্যাল সমীক্ষার ফলাফল নিয়ে

[1] https://www.medrxiv.org/content/10.1101/2021.07.01.21259785v1
https://www.researchsquare.com/article/rs-689684/v1
https://www.medrxiv.org/content/10.1101/2021.06.30.21259763v1

Department of Health & Social Care

বিশেষজ্ঞদের একটি প্যানেল আলোচনা করে সুপারিশ করেছিল যে শিশু এবং কিশোরদের আর চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন বলে মনে করা যাবে না এবং তাই চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন বলে বিবেচিত লোকজনের জাতীয় ডাটাবেস শিল্ডেড প্যাশেন্ট লিস্টে তাদের রাখতে হবে না। এই সুপারিশে যুক্তরাজ্যের চিফ মেডিক্যাল অফিসাররা সম্মত হয়েছেন।

আপনার সন্তানের তাদের স্কুল বা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়া অব্যাহত রাখাটা গুরুত্বপূর্ণ। জানা যায় যে স্কুল শিক্ষার অভাব শিশুদের উপর উল্লেখযোগ্য নেতিবাচক প্রভাব ফেলে, তাদের জীবনের সম্ভাবনাকে হ্রাস করে এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যাগুলোকে আরও খারাপ করে তোলে। কোভিড-19 এর ছড়িয়ে পড়ার ঝুঁকি কমাতে সহায়তা করার জন্য সকল আর্লি ইয়ারস সরবরাহকারী, স্কুল এবং কলেজ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অব্যাহত রেখেছে। www.gov.uk/coronavirus-education-and-childcare এ আরও তথ্য পাওয়া যাবে

মহামারীজনিত কারণে না হয়ে বরং শারীরিক অবস্থা বা অসুস্থতার প্রকৃতির জন্যে খুব অল্প সংখ্যক শিশু এবং কিশোরদেরকে তাদের বিশেষজ্ঞরা স্বল্প সময়ের জন্য আইসোলেট থাকার অথবা তাদের সামাজিক যোগাযোগ কমানোর পরামর্শ দেবেন। যদি এটি আপনার সন্তানের ক্ষেত্রে ঘটে থাকে, সেক্ষেত্রে তাদেরকে তাদের বিশেষজ্ঞের পরামর্শ মেনে চলতে হবে।

Withdrawn April 2022

## কোভিড-19-এর টিকাদান

এখন 16-17 বছর বয়সীদের জন্য টিকা পাওয়া যাচ্ছে। কিছু কিছু 12-15 বছর বয়সীও টিকা পাওয়ার যোগ্য কারণ তারা বেশ সুনির্দিষ্ট ঝুঁকির সম্মুখীন হয় এবং টিকা থেকে তারা বিশেষ সুবিধা পাবে। তবে, টিকা নেওয়ার জন্য যোগ্য হওয়ার অর্থ এই নয় যে আপনার শিশুকে চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন বলে মনে করা হয় বা তাকে সুরক্ষিত রাখার প্রয়োজন রয়েছে।

## NHS পরিষেবাগুলো পাওয়ার উপায়

এটি গুরুত্বপূর্ণ যে আপনার সন্তানের নিরাপদ এবং ভাল থাকার জন্য তাদের যত্ন এবং সহায়তা পাওয়া অব্যাহত থাকবে। সোশ্যাল কেয়ার ও চিকিৎসা পরিষেবা প্রদানকারীরা পরিষেবাগুলোর চলমান আর যতটা সম্ভব নিরাপদ থাকে তা নিশ্চিত করতে সকল প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

আপনার সন্তানের বিদ্যমান স্বাস্থ্য সম্পর্কিত সমস্যার জন্য NHS-এর সহায়তা নেওয়া অব্যাহত রাখতে হবে। অনলাইন পরামর্শের মাধ্যমে পুনরাবৃত্তি প্রেসক্রিপশন অর্ডার করা বা তাদের স্বাস্থ্য পেশাদারের সাথে অনলাইন আলোচনার মাধ্যমে যোগাযোগ করা সহ, তারা বাড়িতে থেকে বিভিন্ন ধরণের NHS পরিষেবাগুলো অ্যাক্সেস করতে পারবেন। আরও জানতে www.nhs.uk/health-at-home, ভিজিট করুন, অথবা NHS অ্যাপটি ডাউনলোড

Department
of Health &
Social Care

করুন। আপনি যদি আপনার সন্তানের স্বাস্থ্য নিয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে তাদের জিপি, হাসপাতালের চিকিৎসকের সাথে কথা বলুন অথবা NHS111 ব্যবহার করুন অথবা, মেডিকেল ইমার্জেন্সির জন্য, 999 নম্বরে ডায়াল করুন।

মহামারী এবং লকডাউনের প্রয়োগ এবং শিথিল করার পর্যায়ক্রমিক সময়কাল কিছু কিছু শিশু এবং কিশোরদের মধ্যে চাপ এবং উদ্বেগ বাড়িয়ে দিয়েছে, এবং এটি একটি সম্পূর্ণ স্বাভাবিক প্রতিক্রিয়া হতে পারে। NHS বিশেষজ্ঞরা কিশোরদের জন্য (www.england.nhs.uk/blog/what-to-do-if-youre-a-young-person-and-its-all-getting-too-much-2/) এবং পরিবার বা কেয়ারারদের জন্য (www.england.nhs.uk/blog/advice-for-parents-guardians-and-carers-on-how-to-support-a-child-or-young-person-if-youre-concerned-about-their-mental-health/) ব্যবহারিক টিপস সহ ব্লগ প্রকাশ করেছেন এবং আরও সহায়তার জন্য সাইনপোস্ট করছেন যেমন এভরি মাইন্ড ম্যাটারস ওয়েবসাইট (www.nhs.uk/every-mind-matters)। NHS মানসিক স্বাস্থ্য সম্পর্কিত পরিষেবাগুলো যথারীতি কাজ করছে এবং শিশু এবং কিশোর, তাদের পরিবার এবং কেয়ারারদের প্রয়োজন হলে বিশেষজ্ঞের সাহায্য চাইতে হবে। NHS-এর মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সাহায্য এবং সহায়তা কিভাবে অ্যাক্সেস করা যায় সেই সম্পর্কে অনলাইন তথ্য রয়েছে (www.nhs.uk/mental-health/nhs-voluntary-charity-services/nhs-services/how-to-access-mental-health-services/).

আমরা জানি যে মহামারীটি সকলের জন্য একটি কঠিন সময় ছিল এবং আমরা স্বীকার করি যে এটি তাদের জন্য বিশেষ রকম কঠিন ছিল যাদের অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়েছিল। সেই সময়ে আমাদের কাছে থাকা তথ্যের উপর ভিত্তি করে, আপনার সন্তানকে চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন গ্রুপের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত তাদের নিরাপদ রাখতে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছিল। যেহেতু এখন আমাদের কাছে আরও প্রমাণ আছে, তাই আমরা আশা করি যে আপনি জেনে খুশি হবেন যে কোভিড-19 এর কারণে আপনার সন্তানকে আর চিকিৎসাগতভাবে অত্যন্ত বিপন্ন বলে মনে করা হচ্ছে না।

আপনার একান্ত অনুগত,

প্রফেসর জেনিফার হ্যারিস ওবিই (Professor Jennifer Harries OBE)

BSc MB ChB MPH MBA FFPH FCMI

Chief Executive Officer

UK Health Security Agency

Withdrawn April 2022

Department of Health & Social Care

**এই চিঠিটি GOV.UK- তে সহজ পঠন সহ বিভিন্ন ভাষায় এবং ফর্ম্যাটে পাওয়া যাবে। অডিও, ব্রেইল, বড় প্রিন্টের জন্য 0303 1239999 নম্বরে RNIB কে কল করুন**

Withdrawn April 2022